



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/২০১৬/৩৩১

তারিখঃ ১৮/০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-  
২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ (ক) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর ০১/০৬/২০১৬ তারিখের রায়।  
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০, তারিখ : ০৯/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায়ের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট কর্তৃক অনুমোদিত যে সকল কলেজের গভার্ণিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০০৯' এর ৫(১) ও ৫(২) ধারা মোতাবেক সভাপতি মনোনীত হয়েছিলেন তাঁদের সভাপতি হিসাবে মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতির উক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০০৯' এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশ (উপ-প্রবিধান (২) এর অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য) বাদে ৫(৩) ধারা মোতাবেক সভাপতি মনোনয়নের জন্য ০৩ (তিন) জন ব্যক্তির নামের তালিকা আগামী ২৮/০৮/২০১৬ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে সিলেট শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মোস্তফা কামাল আহমদ)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।  
ফোন : ০৮২১-৮৪০০৮৬

প্রাপকঃ

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

৪. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. পি.এস.টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।